অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদের জন্য দ্রুত গতিতে পারমিট প্রদানের জন্য আবেদন করার সুযোগ এখন পাওয়া যাচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

নতুন পারমিট নতুন ব্রুয়ারি, ডিস্টিলারি, সিডারি ও মেডারি খোলা ত্বরান্বিত করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেট লিকার অথরিটি (State Liquor Authority) এখন নতুন পারমিটের জন্য আবেদন গ্রহণ করছে যা ক্রাফট পানীয় প্রস্তুতকারী ব্যবসাগুলিকে তাদের মদের লাইসেন্স মুলতবি থাকা অবস্থায় অ্যালকোহলযুক্ত পানীয় তৈরি এবং বিক্রি করার অনুমতি প্রদান করে। এই নতুন পারমিটগুলি সাধারণত 30 দিনের কম সময়ে প্রক্রিয়া এবং অনুমোদন করা হতে পারে, যেখানে নতুন লাইসেন্সের জন্য আবেদনের ক্ষেত্রে বর্তমানে গড়ে ছয় মাস সময় লাগে, এটি স্টেট জুড়ে একটি নতুন ক্রাফট পানীয় প্রস্তুতকারী ব্যবসা খুলতে যে সময় লাগে তাকে দ্রুততর করবে।

"নিউ ইয়র্কের ক্রাফট পানীয় শিল্প শুধু স্থানীয়দের গর্বের উৎসই নয়, বরং সেইসাথে এটি স্টেটের প্রতিটি কোণায় কর্মসংস্থান সৃষ্টি করে এবং পর্যটনের প্রসার ঘটায়," **বলেছেন গভর্নর হোকল।** "এসব দ্রুত-গতির পারমিট দ্রুত নতুন ব্যবসা খোলার মাধ্যমে এবং তাদের স্থানীয় অর্থনীতিতে অবিলম্বে অবদান রাখার মাধ্যমে ব্যবসাগুলিকে দ্রুত কর্মপরিচালনার সুযোগ করে দেবে। এটি হলো আমাদের প্রশাসনের লাল ফিতার দৌরাত্ম্য দূর করা, নিয়ম-কানুন সহজ করা, এবং এসব ব্যবসাকে বেড়ে ওঠা ও উন্নতি লাভ করতে সাহায্য করার মাধ্যমে সাধারণ বিবেচনাবোধ ব্যবহার করে সংস্কার করার জন্য আরেকটি পদক্ষেপ।"

21 ডিসেম্বর, 2021 তারিখে গভর্নর হোকলের স্বাক্ষরিত আইন ব্রুয়ারি, ওয়াইনারি, ডিস্টিলারি, সিডারি ও মেডিয়ারিগুলির জন্য নতুন সাময়িক পারমিট তৈরি করেছে, যা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় থাকা অবস্থায় সেগুলিকে কার্যক্রম চালু করার অনুমতি দেয়, যা জায়গা ও সরঞ্জাম জোগাড় করার পরে ভাড়া ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত খরচ বকেয়া হয়ে পড়ার সমস্যা প্রতিরোধ করে। বর্তমানে স্টেটব্যাপী ক্র্যাফট প্রস্তুতকারকদের জন্য পারমিটের একাশিটি আবেদন মুলতবি অবস্থায় রয়েছে।

এই পারমিট ব্যবসাগুলিকে মাত্র 125 ডলার ফি প্রদানের মাধ্যমে ছয় মাসের জন্য, অথবা সম্পূর্ণ আবেদন অনুমোদিত না হওয়া পর্যন্ত অ্যালকোহলযুক্ত পানীয় তৈরি ও বিক্রি করার অনুমতি দেয়। প্রয়োজন হলে আরো 50 ডলার ফি দিয়ে নতুন পারমিট তিন মাসের জন্য বাড়ানো যেতে

পারে। ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদের কার্যক্রম পরিচালনার জন্য নতুন সাময়িক পারমিটের জন্য আবেদন করার সুযোগ এখানে পাওয়া যাচ্ছে।

স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "গভর্নর হোকল স্বীকার করেন যে ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদেরকে দ্রুত কার্যক্রম পরিচালনার সুযোগ করে দেয়াটা এসব স্বতন্ত্র ব্যবসাগুলোর জন্য এবং আমাদের স্টেটের সমগ্র অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ। যখন আমাদের ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকরা উন্নতি ও সমৃদ্ধি লাভ করে, তখন তারা কর্মসংস্থান সৃষ্টি করে, তাদের স্থানীয় অর্থনীতিতে টাকা ফেরত দেয় এবং ভবিষ্যতে সমৃদ্ধির জন্য পরিবেশ তৈরি করে। নিউ ইয়র্ক ক্রাফট পানীয় শিল্পে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে, এবং এই প্রবণতা অব্যাহত রাখতে এই দ্রুত-গতির পারমিট নিঃসন্দেহে সহায়তা করবে।"

টেট সিনেটর মিশেল হিনচে বলেন, "নিউ ইয়র্কের দ্রুত-গতির সাময়িক পারমিট চালু করাটা আমাদের স্টেট জুড়ে ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদের জন্য একটি বড় ধরনের টার্নিং পয়েন্ট, এবং এই ছোট ব্যবসাগুলিকে তাদের ব্যতিক্রমী পণ্যগুলি খামার থেকে আরো দ্রুত গ্লাসে নিয়ে আসতে সাহায্যকারী এই আইনের লেখক হিসেবে আমি গর্বিত। পর্যটনের জন্য একটি শক্তিশালী অনুঘটক ও স্থানীয় কর্মসংস্থান সৃষ্টিকারী হিসেবে, নিউ ইয়র্কের ক্রাফট পানীয় শিল্প আপস্টেটের অর্থনীতির জন্য একটি রোমাঞ্চকর প্রবৃদ্ধিময় খাতের প্রতিনিধিত্ব করে, এবং সিনেটের এগ্রিকালচার চেয়ার হিসেবে এই খাতকে তুলে ধরতে পেরে আমি রোমাঞ্চিত হয়েছি। সাময়িক পারমিটের প্রতি গভর্নর হোকলের উৎসুক সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাই এবং ক্র্যাফট পানীয় শিল্পে নিউ ইয়র্কের প্রতিযোগিতামূলক সুযোগ সম্প্রসারণের জন্য আমাদের কাজ অব্যাহত রাখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্দো বলেন, "যদি একটি ক্র্যাফট পানীয় ব্যবসার একটি জায়গা থাকে এবং এটি পরিচালনা করার জন্য তারা প্রস্তুত থাকে, তাহলে তাদের চূড়ান্ত লাইসেন্সের অপেক্ষায় থাকার সময় কার্যক্রম পরিচালনা করতে পারা উচিত। সাময়িক পারমিট এই ব্যবসাগুলির জন্য আরো দ্রুত বাজারে পণ্য নিয়ে আসা এবং আয় তৈরি করা সহজ করে তুলবে। আমি আনন্দিত যে আবেদন প্রক্রিয়া এখন চালু করা হচ্ছে, এবং আমাদেরকে এই পর্যায়ে নিয়ে আসার জন্য গভর্নর হোকল ও SLA-এর অংশীদারিত্বের জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট ব্রুয়ার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট পল লিওন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ক্র্যাফট পানীয় শিল্পের প্রসার ঘটা অব্যাহত রয়েছে, এমনকি কোভিডের মধ্যেও। অপেক্ষার সময় ছয় মাস পর্যন্ত দীর্ঘ হওয়ায়, অনেক ব্রুয়ারি মালিক তাদের পারমিটের জন্য অপেক্ষা করার সময় সেসব ভবনের জন্য ভাড়া দিয়ে যাচ্ছিলেন যেগুলি তারা চালু করতে পারেননি, মদ তৈরির নতুন সরঞ্জামগুলির জন্য মাসিক পেমেন্ট করছিলেন যেগুলি তারা ব্যবহার করতে পারেননি, এবং নিজেদের বা তাদের কর্মীদের বেতন দেওয়ার জন্য কোনো অর্থ উপার্জন করতে পারছিলেন না। এই সাময়িক পারমিট ব্রুয়ারিগুলিকে পারমিটের জন্য অপেক্ষা করার সময় দ্রুত তাদের কার্যক্রম চালু করার অনুমতি দেবে, এবং যারা তাদের নিজস্ব ব্রুয়ারি খোলার কথা বিবেচনা করছেন, তাদের জন্য এটি হলো দ্রুত খোলার একটি পথ। এই আইনে স্বাক্ষর করার পাশাপাশি ক্রাফট বিয়ার ও ক্রাফ্ট পানীয় শিল্পে গভর্নর হোকলের অব্যাহত

সমর্থনের জন্য নিউ ইয়র্ক স্টেট ব্রুয়ার্স অ্যাসোসিয়েশন (New York State Brewers Association) তাকে ধন্যবাদ জানায়।"

নিউ ইয়র্ক স্টেট সাইডার অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক স্কট রামসে বলেন, "আমাদের সাইডারি সদস্যরা, বিশেষ করে ক্ষুদ্র ব্যবসাগুলি, মহামারীর কারণে বড় ধরনের অর্থনৈতিক চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে যার মধ্যে এখন সাপ্লাই চেইনের সমস্যা এবং ক্রমবর্ধমান জ্বালানি খরচ যোগ হয়েছে৷ এই পরিবেশে, আমরা গভর্নর হোকল, সেনেটর হিনচে, এবং অ্যাসেম্বলি ওম্যান লুপারডোর কাছ থেকে এই প্রয়োজনীয় সমর্থনের জন্য অত্যন্ত কৃতজ্ঞ। "সাময়িক পারমিট বিল" হলো সাধারণ বিবেচনাবোধপ্রসূত একটি আইন যা আমাদের নতুনতম সাইডার উৎপাদক ও চাষীদেরকে বাজারে প্রবেশ করার, তাদের ব্যবসা গড়ে তোলার, চাকরি তৈরি করার, এবং স্থানীয় কৃষি অর্থনীতিতে আরো বেশি দক্ষ ও অর্থপূর্ণ উপায়ে অবদান রাখার সুযোগ দেয়।"

নিউ ইয়র্ক স্টেট ওয়াইন অ্যান্ড গ্রেপ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক স্যাম ফিলার বলেন, "নতুন ফার্ম ওয়াইনারিগুলি কয়েক দশক ধরে সাময়িক পারমিটের অনুমতি পাওয়ায় সৌভাগ্যবান ছিল, এবং বিয়ার, সাইডার ও স্পিরিট উৎপাদনকারী আমাদের শিল্পের অংশীদারদের কাছে এই দ্রুত-গতির পারমিট সম্প্রসারণের জন্য আমরা গভর্নর হোকলকে সাধুবাদ জানাই৷ একটি পারমিটের জন্য অপেক্ষা করার অর্থ হলো মর্টগেজ বা ভাড়া পরিশোধ করা, মূলধন বিনিয়োগ করা, সরঞ্জাম ক্রয় করা, এবং কর্মী নিয়োগ করার সময় কোন রাজস্ব অর্জিত না হওয়া, এবং এই পারমিট নিশ্চিত করবে যাতে এসব নতুন ব্যবসা দ্রুত কার্যক্রম চালু করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট ডিস্টিলার্স গিল্ডের প্রেসিডেন্ট ব্রায়ান ফ্যাকুয়েট বলেন, "এই নতুন আইন নিউ ইয়র্কে পারমিট পাওয়ার জন্য চেষ্টারত নতুন উৎপাদকদের জন্য সহায়ক হবে এবং SLA তাদের আবেদনগুলি সঠিকভাবে যাচাই করার সময় পাবে। কর্মসংস্থান সৃষ্টিকারী এবং স্টেটের প্রতিটি কোণায় পর্যটনে সহায়তাকারী ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদেরকে দ্রুত কার্যক্রম চালু করার সুবিধা দিতে এই অত্যাবশ্যক আইন বাস্তবায়নের জন্য নিউ ইয়র্ক স্টেট ডিস্টিলার্স গিল্ড গভর্নর হোকল ও আইনসভার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের ক্রাফট পানীয় শিল্প 2018 সালে 5 বিলিয়ন ডলারের বেশি রাজস্ব আয় করেছে, যা গত দশকে 230 শতাংশ বৃদ্ধি পেয়েছে। অর্থনৈতিক মন্দা সত্ত্বেও, SLA-এর ইস্যু করা ক্রাফট পানীয় উৎপাদনের লাইসেন্স সংখ্যা গত বছর 9 শতাংশের বেশি বেড়েছে, যা 1,426টি সক্রিয় লাইসেন্স থেকে বেড়ে 1,559 এ দাঁড়িয়েছে৷ এই আইন স্টেটের ক্রমবর্ধমান ক্রাফট পানীয় শিল্পকে আরো সমর্থন প্রদান করে, যা দেশের সবচেয়ে দ্রুত বর্ধনশীল শিল্পগুলির অন্যতম, যা এখন প্রতিটি বিভাগে ক্রাফট পানীয় উৎপাদনকারীদের সংখ্যার দিক থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে শীর্ষ পাঁচে স্থান করে নিয়েছে। এই স্টেট 78টি হার্ড সাইডার উৎপাদনকারী নিয়ে যুক্তরাষ্ট্রে প্রথম অবস্থানে রয়েছে, ক্রাফট ডিস্টিলার ও ব্রিউয়ারিতে যথাক্রমে 205 এবং 504টি উৎপাদনকারী নিয়ে দ্বিতীয় স্থানে, এবং মোট 494টি ওয়াইনারি নিয়ে এক্ষেত্রে দেশের মধ্যে চতুর্থ স্থানে রয়েছে। এছাড়াও নিউ ইয়র্ক চৌদ্দটি মেডারি ফার্মের আবাসস্থল, নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত মধু দিয়ে তৈরি অ্যালকোহলযুক্ত পানীয়ের জন্য 2019 সালে এই নতুন পারমিট তৈরি করা হয়েছে।

সেইসাথে, গত বছর খামার-ভিত্তিক আঠাশটি উৎপাদনকারী স্টেটজুড়ে নতুন, ফি-বিহীন, অফসাইট খুচরা বিক্রয়কেন্দ্র খোলার মাধ্যমে তাদের পদচিহ্ন সম্প্রসারিত করেছে, যা 2021 সালের তুলনায় 17 শতাংশ বৃদ্ধি পেয়েছে। এই শাখা স্টোরগুলি, যেগুলির সংখ্যা এখন স্টেটব্যাপী 198, খামারের উৎপাদকদেরকে NYS লেবেলযুক্ত পণ্যগুলিকে গ্লাসে বা বোতলে করে অফসাইট অবস্থানে গ্রাহকদের কাছে বিক্রি করার পাশাপাশি নিজস্ব পণ্য বিক্রি করার সুযোগ করে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন